পাঠ
৬

নূতন আদর্শ



এই পাঠে আপনি পড়বেন—

কে আদর্শ স্থাপন করেন ?

আদর্শ কোথায় দেখতে পাবেন ?

এই আদর্শ আপনি কিভাবে পূরণ করতে পারেন ?

সাফল্যের আদর্শ।

কে আদর্শ স্থাপন করেন ?

কোন পরিবারে পিতা-মাতাই আদর্শ স্থাপন করেন। তাঁরা তাদের সন্তানদের শেখান কিভাবে চলতে হয় পিতা সন্তানদের বলে দেন তারা কি কাজ করবে এবং কি করবে না।

সন্তানেরা এই আদর্শ মেনে চলে। যখন তারা নিয়ম ভাঙ্গে তখন পিতা তাদের ভুল শুধরে দেন। যদি তারা একগুয়েমি করে, অবাধ্য হয় তবে পিতা তাদের শাস্তিও দিতে পারেন। তারা তখন পরিবারের সদস্য থাকে কিন্তু তাদের অবাধ্যতা সমস্যা ও দুঃখকষ্ট নিয়ে আসে।

আমাদের স্বর্গীয় পিতাও তাঁর সন্তানরা কি করবে অথবা করবেনা সে বিষয়ে আদর্শ স্থাপন করে রেখেছেন। সময়ে সময়ে তাঁকেও তাঁর সন্তানদের বাধ্যতা শিক্ষা দেবার জন্য শাস্তি দিতে হয়।

আপনার করণীয়

১। একটা সুশৃংখল পরিবারে কে আদর্শ স্থাপন করেন।

ক) সন্তানেরা।

খ) প্রতিবেসীরা।

গ) পিতা-মাতা।

২। খ্রীষ্টিয়ান হিসাবে আমাদের কিরূপ আচরণ করা উচিত তা শিক্ষা দেবার অধিকার কার আছে?

ক) আমাদের স্বর্গীয় পিতার।

খ) আমরা যে কৃষ্টি ও সংস্কৃতির মধ্যে বাস করি তার।

গ) আমাদের নিজেদের।

উত্তর ঃ ১। গ) পিতা-মাতা। ২। ক) আমাদের স্বর্গীয় পিতার।

আদর্শ কোথায় দেখতে পাবেন—

বাইবেলে ঈশ্বর খ্রীষ্টিয় জীবন যাপনের আদর্শ লিখে রেখেছেন। সমস্ত বাইবেলে বিশেষ করে নূতন নিয়মে আপনি সেগুলি দেখতে পাবেন।

সুতরাং ঈশ্বর তাঁর সন্তানদের কিরূপ জীবন যাপন পছন্দ করেন সে বিষয়ে যাতে কোন সন্দেহের অবকাশ না থাকে, সে জন্য তিনি তাঁর পুত্রকে পাঠিয়েছিলেন আমাদের সঠিক পথ দেখাতে ও শিখাতে। যীশু খ্রীষ্টই আপনার খ্রীষ্টিয় জীবন যাপনে নিখুঁত আদর্শ।

খ্রীষ্টিয় জীবনের আদর্শ যীশু তাঁর পর্বতে দত্ত উপদেশে বর্ণনা করেছেন, যা লেখা আছে মথি ৫, ৬ ও ৭ অধ্যায়ে।

আপনার করণীয়

৩। উত্তম খ্রীষ্টিয় জীবন যাপনের এক নিখুঁত আদর্শ আপনাকে কে দিয়েছেন?

ক) পালক।

খ) যীশু খ্রীষ্ট।

গ) অন্য খ্রীষ্টিয়ানরা।

৪। যীশুর পর্বতে দত্ত উপদেশটি লেখা আছে—

ক) মথি ৫, ৬ ও ৭ অধ্যায়ে।

খ) মার্ক ৫, ৬ ও ৭ অধ্যায়ে।

গ) যোহন ৫, ৬ ও ৭ অধ্যায়ে।

৫। পর্বতে দত্ত উপদেশে যীশু—

ক) পর্বতকে এক স্থান থেকে অন্য স্থানে সরিয়ে নেবার মত বিশ্বাসের কথা বলেছেন।

খ) যিরূশালেমের চারপাশের পর্বতশ্রেণীর বিষয় বলেছেন।

গ) খ্রীষ্টিয় জীবন যাপনের আদর্শ শিক্ষা দিয়েছেন।

উত্তর ঃ ৩। খ) যীশু খ্রীষ্ট ; ৪। ক) মথি ৫, ৬ ও ৭ অধ্যায়ে ; ৫। গ) খ্রীষ্টিয় জীবন যাপনের আদর্শ শিক্ষা দিয়েছেন।

যারা নম্র, শান্তিপ্রিয়, ও পবিত্র হৃদয়, যাঁরা ঈশ্বরকে তাঁদের জীবনে প্রধান স্থান দেন ও তাঁর জন্য দুঃখভোগ করতে ইচ্ছুক তাদের জন্য অতিরিক্ত আশীর্বাদ ঈশ্বর রেখেছেন সে কথা যীশু সবচেয়ে আগেই উল্লেখ করেছেন।

যীশু আমাদের শিখিয়েছেন, শত্রুকে প্রেম করতে ও তাঁর জন্য প্রার্থনাও করতে। যাদের কাছে দোষ করেছি তাদের কাছে ক্ষমা চেয়ে নিতে এবং যারা খারাপ ব্যবহার করে তাদের সাথেও ভাল ব্যবহার করতে। এ পর্যায়ে কোন শিক্ষক অন্যদের সাথে মেশার যে সমস্ত উপায় শিখিয়েছেন তার মধ্যে যীশুর পন্থাই সর্বোত্তম।

আপনার করণীয়

৬। মথি ৫ অধ্যায় পাঠ করুন।

৭। (দু'টি উত্তর বেছে নিন।) খ্রীষ্টিয় জীবনের আদর্শের অংশ হিসাবে যীশু আপনাকে শিক্ষা দেন।

ক) নম্র হতে।

খ) ঈশ্বরকে প্রধান স্থান দিতে ও তিনি যা চান তাই করতে।

গ) যারা আপনার সাথে খারাপ ব্যবহার করেছে তাদের উপর প্রতিশোধ নিতে।

ঘ) সবকিছুতে নিজেকে সন্তুষ্ট করতে।

৮। (দু'টি উত্তর বেছে নিন।) মথি ৫ : ১৩, ১৪ পদে যীশু শিক্ষা দিয়েছেন যে ঈশ্বরের সন্তানেরা—

ক) সমগ্র মানব-জাতির জন্য লবণের মত।

খ) কখনও ভুল করেনা।

গ) সমগ্র জগতের জন্য আলো স্বরূপ।

ঘ) সুন্দর ফুলের মত।

৯। (দু'টি উত্তর বেছে নিন।) মথি ৫ : ২১-৩০ পদে যীশু 'এর' বিরুদ্ধে সতর্ক করেছেন—

ক) জুয়া খেলা।

খ) ক্রোধ এবং প্রতিশোধ।

গ) নীতিহীন চিন্তা ও ব্যভিচার।

ঘ) দশমাংশ দান।

১০। মথি ৫ ঃ ৪৩-৪৮ পদে যীশু খ্রীষ্ট আমাদের আদেশ দিয়েছেন—

ক) যারা আমাদের ভালবাসে শুধু তাদের ভালবাসতে।

খ) শত্রুকে ভালবাসতে।

উত্তর ঃ ৭। ক) নম্র হতে, খ) ঈশ্বরকে প্রধান স্থান দিতে ও তিনি যা চান তাই করতে। ৮। ক) সমগ্র মানব জাতির জন্য লবণের মত, গ) সমগ্র মানব জাতির আলো স্বরূপ। ৯। খ) ক্রোধ ও প্রতিশোধ, গ) নীতিহীন চিন্তা ও ব্যভিচার। ১০। খ) শত্রুকে ভালবাসতে।

অন্যের সাথে কিরূপ ব্যবহার করতে হয় সে সম্বন্ধে যীশু আমাদের একটি মূলমন্ত্র দিয়েছেন একে আমরা বলি—**'মহামূল্য বিধি'** ঃ

তোমরা যাহা যাহা ইচ্ছা কর যে লোকে তোমাদের প্রতি করুক, তোমরাও তাহাদেরই প্রতি সেই সমস্ত করিও। মথি ৭ ঃ ১২

আমাদের অহংকারী, স্বার্থপর, কলহপরায়ণ অথবা সমালোচক হওয়া উচিত নয়। অবৈধ প্রণয় অথবা মন্দ ভাবাবেগকে চিন্তাতেও স্থান দেওয়া আমাদের উচিত নয়।

আমাদের প্রথম লক্ষ্য হবে ঈশ্বরকে প্রীত করা ও তিনি আমাদের কাছে যে ব্যবহার আশা করেন তা করা পার্থিব সম্পদের প্রাচুর্য ও ঈশ্বরের সেবা এই দু'টি এক সংগে আমাদের লক্ষ্য হতে পারে না। কিন্তু আমরা যদি তাঁকেই সর্বাগ্রে স্থান দিই তবে তিনিই দেখবেন যেন আমাদের সমস্ত প্রয়োজন পূর্ণ হয়। এছাড়াও আমরা তাঁর জন্য যা কিছু করি তার পুরস্কার আরও বহুগুণে বর্দ্ধিত হয়ে চিরকালের জন্য স্বর্গে সঞ্চিত হচ্ছে।

আপনার করণীয়

১১। মথি ৬ অধ্যায় পাঠ করুন।

১২। 'মহামূল্য বিধি' নামে পরিচিত নীতিটি হচ্ছে—

ক) দরকারী জিনিস পত্র তৈরীর জন্য সোনা ব্যবহার করা।

খ) অন্যেরা আপনার সাথে যেরূপ আচরণ করে তাদের সাথেও সেইরূপ আচরণ করা।

গ) অন্যদের কাছ থেকে আপনি যেরূপ আচরণ চান, তাদের সাথেও সেইরূপ আচরণ করুন।

১৩। মথি ৬ঃ১৯-২১ পদে যীশু বলেন যে, আমাদের ধন সঞ্চয় করা উচিত—

ক) স্বর্গে।

খ) এই পৃথিবীতে।

উত্তর ঃ ১২। গ) অন্যদের কাছ থেকে আপনি যেরূপ আচরণ চান তাদের সাথে ও সেইরূপ আচরণ করুন। ১৩। ক) স্বর্গে।

এই আদর্শ আপনি কিভাবে পূরণ করতে পারেন

যীশু জানতেন ঈশ্বরের সাহায্য ব্যতীত কেউই এই বিধিগুলি পালন করতে পারবে না। সেই জন্য তিনি তাঁর শিষ্যদের শিখিয়েছিলেন যেন তারা স্বর্গীয় পিতার সাহায্য লাভের জন্য তাঁর কাছে প্রার্থনা করে। তিনি তাঁদের একটি আদর্শ প্রার্থনা শিখিয়েছিলেন যাকে আমরা প্রভুর প্রার্থনা বলে থাকি। আমরা যখন প্রার্থনা করি তখন প্রায়ই এর পুনরাবৃত্তি করে থাকি।

এ সমস্তের উর্ধ্বে আপনার পিতা পবিত্র আত্মাকে আপনার সাথে বাস করবার জন্য ও আপনাকে সাহায্য করবার জন্য পাঠিয়েছেন। পরবর্তী অধ্যায়ে এ বিষয়ে আরও শিখতে পারবেন। ঈশ্বরের নির্দিষ্ট মান অনুযায়ী যদি আপনি চলতে সমর্থ হন তার জন্য ব্যস্ত হবেন না। তিনি আপনার প্রত্যেক পদক্ষেপে সাহায্য করবেন।

আপনার করণীয়

১৪। এই উপদেশটির মধ্যে খ্রীষ্ট আমাদের একটি আদর্শ প্রার্থনা দিয়েছেন যা আমাদের শিক্ষা দেয়—

ক) সাধুদের কাছে প্রার্থনা করতে।

খ) পূর্বপুরুষদের কাছে প্রার্থনা করতে।

গ) সরাসরি ঈশ্বরের কাছে প্রার্থনা করতে।

১৫। প্রভুর প্রার্থনাটি —

ক) খ্রীষ্ট ক্রুশের উপর থাকা কালে বলেছিলেন।

খ) একটি আদর্শ প্রার্থনা যা যীশুর পর্বতে দত্ত উপদেশের মধ্যে আছে।

গ) গেৎশিমানী বাগানে বসে যীশু বলেছিলেন।

১৬। মথি ৭ অধ্যায় পাঠ করুন।

উত্তর : ১৪। গ) সরাসরি ঈশ্বরের কাছে প্রার্থনা করতে
১৬। খ) একটি আদর্শ প্রার্থনা যা যীশুর পর্বতে দত্ত উপদেশের মধ্যে আছে।

সাফল্যের আদর্শ—

যীশু আমাদের জানিয়ে দেন যে তাঁর নির্দেশ জীবনে সাফল্য লাভ করার পক্ষে আদর্শ। আমাদের জীবন একটি ঘরের ন্যায়। আমাদের চিন্তা, বাক্য ও কাজগুলি সেই ঘরের ইট। যখন আমরা সেগুলিকে তাঁর শিক্ষার ভিত্তিতে সাজাই তখনই আমরা এক আদর্শ চরিত্র লাভ করি যা জীবনের সকল পরীক্ষা অথবা ঝড় ঝঞ্চা অতিক্রম করতে সক্ষম।

যে কেউ যদি তাঁর ইচ্ছামত জীবন যাপন করে, যীশু যে আদর্শ দিয়েছেন তা পালন না করে, তবে বালির উপর ভিত্তিমূল স্থাপন করে যে ঘর তৈরী করা যায় তারই মত তার জীবন অসফল হয়। যখন ঝড় আসবে সে তা অতিক্রম করতে পারবেনা।

আপনি যদি একজন সফল খ্রীষ্টিয়ান হতে চান তবে খ্রীষ্টের শিক্ষা ও আদর্শে আপনার জীবন গঠন করুন। এই কাজে পবিত্র আত্মা আপনাকে সাহায্য করবে।

আপনার করণীয়

১৭। যে ব্যক্তি খ্রীষ্টের শিক্ষা পালন করে এবং সেগুলিকে তার খ্রীষ্টিয় জীবনের ভিত্ হিসাবে ব্যবহার করে সে—

ক) এমন এক লোকের তুল্য যে পাথরের শক্ত ভিতের উপর তার ঘর তৈরী করে।

খ) এমন এক লোকের তুল্য যে বালির উপর ঘর তৈরী করে।

উত্তর ঃ ১৭। ক) এমন এক লোকের তুল্য যে পাথরের শক্ত ভিতের উপর তার ঘর তৈরী করে।